



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩- ১০৪

তারিখঃ ০৫ সেপ্টেম্বর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

নারায়ণগঞ্জে মসজিদে বিস্ফোরণে মর্মান্তিক দুর্ঘটনাজনিত হতাহতের ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছে জাতীয় মানবাধিকার কমিশন।

নারায়ণগঞ্জে মসজিদে বিস্ফোরণে হতাহতের ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছে জাতীয় মানবাধিকার কমিশন। পাশাপাশি, এ মর্মান্তিক ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে কমিশন। কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি এক শোকবার্তায় নিহতদের বিদেহী আত্মার মাগফেরাত এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। একইসাথে শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতিও গভীর সমবেদনা জানান।

গণমাধ্যম সূত্রে জানা যায়, মসজিদের নিচের গ্যাস সংযোগ পাইপের লিকেজ থেকে বিস্ফোরণের ঘটনা ঘটেছে এবং এতে তিতাস গ্যাসের গাফিলতির অভিযোগ রয়েছে। এ প্রেক্ষিতে তিতাস, মসজিদ কমিটিসহ দায়িত্বশীলদের গাফিলতি আছে কিনা খতিয়ে দেখা প্রয়োজন মর্মে মনে করে কমিশন। এঘটনার যথাযথ তদন্তক্রমে জড়িতদের দ্রুত দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানায় কমিশন।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ